

## ইবি ছাত্রলীগ সভাপতিকে ক্যাম্পাস থেকে বিতাড়ন

ইবি সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশকে ক্যাম্পাস থেকে বের হয়ে যেতে বাধ্য করেছে দলটির বিদ্রোহী গ্রন্থের কর্মীরা। শনিবার দুপুর ১২টার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, শাখা ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশ শনিবার বেলা ১১টার দিকে ক্যাম্পাসে আসেন। এ সময় তিনি কর্মীদের নিয়ে দলীয় টেন্টে অবস্থান করেন। তার ক্যাম্পাসের আগমনের কথা বিদ্রোহী গ্রন্থের কর্মীরা জানতে পারে। এ সংবাদ পেয়ে তারা হল থেকে কর্মীদের বের করে টেন্টের দিকে আসে। বিদ্রোহী গ্রন্থের কর্মী বিপুল খান এবং শাহজালাল ইসলাম সোহাগের নেতৃত্বে শতাধিক কর্মী দলীয় টেন্টে অবস্থান করে। এ সময় তারা শাখা ছাত্রলীগের সভাপতিকে তার কর্মীদের নিয়ে ক্যাম্পাস থেকে বের হয়ে যেতে বাধ্য করে। পরে সভাপতি তার কর্মীদের নিয়ে ক্যাম্পাস থেকে বের হয়ে চলে যান। পরে বিদ্রোহী কর্মীরা ক্যাম্পাসে বিক্ষেপ মিছিল করে।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশ বলেন, ছাত্রলীগের কর্মীরা আমার সঙ্গে যে আচরণ করেছে তা অপ্রত্যাশিত। ইবি শাখা কমিটির বিষয়ে সাধারণ সম্পাদকের যে আর্থিক লেনদেনের অভিযোগ উঠেছে তার সঙ্গে আমি কোনভাবেই সম্পৃক্ত নই। আমার সঙ্গে যে ব্যবহার করেছে তারা ছাত্রলীগ কর্মীদের কাছ থেকে এটা কম্য নয়।

বিদ্রোহী গ্রন্থের নেতা যুবায়ের আল মাহমুদ বলেন, শাখা ছাত্রলীগের সভাপতি সাধারণ সম্পাদক টাকার বিনিময়ে কমিটি এনেছে। তারা দুজনই এর সঙ্গে জড়িত। কোন দুর্নীতিবাজ কমিটির ক্যাম্পাসে ঠাঁই নেই।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত  
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি এ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্ত্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,  
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মানান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

**ফোন:** ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকর্ত্ত:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)